

# ছুটি ছাড়াই বছরের পর বছর ছুটিতে কলেজ শিক্ষক

নিজস্ব প্রতিবেদক

১৪ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



রাজিব মিত্র। কিশোরগঞ্জের গুরুদয়াল সরকারি কলেজের পদার্থবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক। ২০১৯ সালের ১১ এপ্রিল থেকে তিনি কর্মস্থলে অনুপস্থিত। ছয় বছরেরও বেশি সময় অনুপস্থিত থাকলেও কারও কাছ থেকে তিনি ছুটিও নেননি, কাউকে কিছু জানানওনি। শুধু রাজিব মিত্র নন, তার মতো আরও আটজন শিক্ষক ছুটি ছাড়াই দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত। গতকাল তাদের শোকজ করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। নোটিশে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় কেন তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে না, তা আগামী সাত কর্মদিবসের মধ্যে জানতে চাওয়া হয়েছে।

মাউশির কলেজ-১ শাখার সহকারী পরিচালক মুহাম্মদ সফিউল বশরের সই করা নোটিশ থেকে এ তথ্য জানা যায়। শোকজপ্রাপ্তদের মধ্যে কিশোরগঞ্জের গুরুদয়াল সরকারি কলেজের আরও দুই শিক্ষক রয়েছেন। তারা হলেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রভাষক তাহমিনা আখতার (২০১৯ সালের ১৪ জুন থেকে অনুপস্থিত), উদ্ভিদবিদ্যা বিভাগের প্রভাষক অপর্ণা রানী দাস (২০২৪ সালের ১৩ আগস্ট থেকে অনুপস্থিত)।

শোকজপ্রাপ্ত অন্যরা হলেন পাবনার ঈশ্বরদী সরকারি কলেজের ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক শামীমা ইয়াসমিন হীরা (২০২৪ সালের ১৬ সেপ্টেম্বর থেকে অনুপস্থিত), সিরাজগঞ্জের কাজীপুর সরকারি মনসুর আলী কলেজের পদার্থবিদ্যার প্রভাষক রোকসানা পারভীন আক্তার সম্পা (২০২২ সালের ১৬ অক্টোবর থেকে অনুপস্থিত), মানিকগঞ্জের ঘিওর সরকারি কলেজের হিসাববিজ্ঞানের প্রভাষক রোকসানা আক্তার সম্পা (২০২৫ সালের ১ জানুয়ারি থেকে অনুপস্থিত)।

এ ছাড়া চুয়াডাঙ্গা সরকারি কলেজের মার্কেটিং বিভাগের প্রভাষক মো. সাজিদ হাসান (২০২৪ সালের ১৯ এপ্রিল থেকে অনুপস্থিত), টঙ্গী সরকারি কলেজের হিসাববিজ্ঞানের প্রভাষক উম্মে কুলসুম (২০২১ সালের ১৪ জুলাই থেকে অনুপস্থিত) ও রাজশাহী কলেজের পদার্থবিজ্ঞানের প্রভাষক জেসমিন ফেরদাউস ২০২২ সালের ৮ জুলাই থেকে অনুপস্থিত)।

